

আস-সাফাত | As-Saffat | الصّافات

আয়াতঃ ৩৭ : ৭৪

আরবি মূল আয়াত:

إِلَّا عِبَادَ اللَّهِ الْمُخْلَصِينَ ﴿٧٤﴾

অনুবাদসমূহ:

অবশ্য আল্লাহর মনোনীত বান্দারা ছাড়া। — আল-বায়ান

কিন্তু আল্লাহর একনিষ্ঠ বান্দাদের কথা ভিন্ন (এ সব খারাপ পরিণতি থেকে সম্পূর্ণ মুক্ত ছিল।) — তাইসিরুল

তবে আল্লাহর একনিষ্ঠ বান্দাদের কথা স্বতন্ত্র। — মুজিবুর রহমান

But not the chosen servants of Allah. — Sahih International

৭৪. তবে আল্লাহর একনিষ্ঠ বান্দাদের কথা স্বতন্ত্র।(১)

(১) সুদী বলেন, এরা হচ্ছে, তারা আল্লাহ যাদেরকে তাঁর নিজের জন্য বিশেষভাবে বাছাই করে নিয়েছেন।

[তবারী]

তাফসীরে জাকারিয়া

(৭৪) তবে আল্লাহর বিশুদ্ধচিত্ত দাসদের কথা স্বতন্ত্র। [1]

[1] অর্থাৎ, শিক্ষামূলক পরিণতি থেকে শুধু তারাই নিষ্কৃতি পেয়েছিল যাদেরকে আল্লাহ তাআলা ঈমান ও তাওহীদ গ্রহণ করার তাওফীক দান করে বাঁচিয়ে নিয়েছিলেন। مُخْلِصِينَ (বিশুদ্ধচিত্ত) ঐ সকল মানুষ যারা শাস্তি থেকে বেঁচেছিল। এক্ষণে مُنْذَرِينَ (যে দলকে সতর্ক ও ধ্বংস করা হয়েছিল তাদের) বর্ণনার পর কিছু مُنْذَرِينَ (সতর্ককারী পয়গম্বর)-দের বর্ণনা করা হচ্ছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3862>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন